



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 5th Semester Examination, 2021-22

BNGADSE01T-BENGALI (DSE1/2)

মধ্যযুগের সাহিত্য পাঠ

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

বিভাগ-ক

- ১। প্রতিটি একক থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **চারটি** প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০
(প্রতিটি উত্তরের শব্দ সংখ্যা অনধিক ৩০০ হবে)

একক - ১

- (ক) ‘কৃত্তিবাসী রামায়ণ মধ্যযুগীয় বাঙালীর ভক্তিবাদের কাব্য’ — তোমার পাঠ্য অবলম্বনে বিষয়টি পরিস্ফুট করে। ১০

অথবা

- (খ) কৃত্তিবাস ওঝার ‘শ্রীরাম পাঁচালী’ অবলম্বনে ‘সীতার অগ্নিপরীক্ষা’ বৃত্তান্ত আলোচনা করে কবিকৃতির পরিচয় দাও।

একক - ২

- (গ) বিপ্রদাস পিপলাই-এর ‘মনসামঙ্গল’ কাব্যে পৌরাণিক ও লৌকিক উপাদান কীভাবে পরিস্ফুট হয়েছে — আলোচনা করো। ১০

অথবা

- (ঘ) চাঁদ সদাগর চরিত্র নির্মাণে বিপ্রদাস পিপলাই-এর স্বাতন্ত্র্যের পরিচয় দাও।

একক - ৩

- (ঙ) দ্বিজমাধব রচিত ‘মঙ্গলচণ্ডীর গীত’ গ্রন্থে ব্যাধনারী ফুল্লরার বিশেষত্ব বর্ণনা করো। ১০

অথবা

- (চ) দ্বিজমাধবের কাব্যে সমাজ-বাস্তবতার যে ছবি ফুটে উঠেছে তার বিবরণ দাও।

একক - ৪

- (ছ) রায়গুণাকর ভারতচন্দ্র রচিত ‘অন্নদামঙ্গল’ কাব্যের প্রথম খণ্ড অবলম্বনে হাস্যরস বিচার করো। ১০

অথবা

- (জ) মঙ্গলকাব্যের দেবদেবীদের চরিত্র সৃজনে দেবী অন্নদা এক ব্যতিক্রমী চরিত্র — আলোচনা করো।

বিভাগ-খ

- ২। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (অনধিক ১৫০ শব্দে) ৫×২=১০
- (ক) “রহেন এরূপে পঞ্চবটী তিনজন।
হেনকালে ঘটে এক অপূর্ব ঘটন।
রাবণের ভগ্নী সেই নাম সূর্ণগা।
অকস্মাৎ রামের সম্মুখে দিল দেখা।”
— উদ্ধৃতাংশের প্রসঙ্গ বিশ্লেষণ করো। ৫
- (খ) “ইষ্টমিত্র যত দেখ সম্পদ সময়।
পড়িলে আপদ কাল কেহ কারো নয়।”
— প্রসঙ্গপূর্বক তাৎপর্য নির্ণয় করো। ৫
- (গ) “দত্ত কুল অল্প জাতি তোমার জ্ঞেয়ান।
ভাডু থাকিতে চন্দন পায় অন্যজন।”
— প্রসঙ্গ উল্লেখপূর্বক আলোচনা করো। ৫
- (ঘ) তোমার শরীর আমি মাথায় করিয়া।
দেখিয়াছি ফিরিয়াছি পৃথিবী ঘুরিয়া।
চক্র করি চক্রপাণি চক্রেতে কাটিয়া।
মোর মাথা হৈতে তোমা দিল ছাড়াইয়া।
— উদ্ধৃতাংশটির প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করো। ৫

N.B. : Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.

—x—